যুগান্তর

4 JUN 2017

# সরকারি-বেসরকারি পলিটেকনিক শিক্ষা একই মানে আনা হবে : শিক্ষামন্ত্রী

যুগান্তর রিপোর্ট

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, মানসম্পন্ন পলিটেকনিক শিক্ষা ব্যবস্থা নিশ্চিতে সরকার কাজ করে যাচ্ছে। এ লক্ষ্যে সরকারি-বেসরকারি পলিটেকনিক ইন্সটিটিউটের শিক্ষা ব্যবস্থা একই মানে নিয়ে আসা হচ্ছে। শনিবার প্রাইভেট পলিটেকনিক ওনার্স অ্যাসোসিয়েশনের দ্বিতীয় জাতীয় সম্মেলন উদ্বোধনকালে এসব কথা বলেন মন্ত্রী। রাজধানীর কাকরাইলে আইডিইবি ভবনে এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ইঞ্জিনিয়ার মো. শামসুর রহমান। অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তৃতা করেন প্রধানমন্ত্রীর বিশেষ সহকারী ও আওয়ামী লীগের দফতর সম্পাদক ড. আবদুস সোবহান গোলাপ ও নজরুল ইসলাম বাবু এমপি।

আরও বক্তৃতা করেন শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সচিব মো. আলমগীর, কারিগরি শিক্ষা অধিদফতরের মহাপরিচালক অশোক কুমার বিশ্বাস ও কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান ড. মো. মোস্তাফিজুর রহমান। স্বাগত বক্তব্য দেন সংগঠনের সাধারণ সম্পাদক সোহেলি ইয়াসমিন। দেশের কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষার সার্বিক উন্নয়নে সমিতির পক্ষ থেকে বিভিন্ন প্রস্তাব ও সুপারিশ তুলে ধরা হয়। অনুষ্ঠানে মন্ত্রী বলেন, শিক্ষা হবে দক্ষতামুখী। সনদভিত্তিক শিক্ষা ব্যক্তি, পরিবার, সমাজ ও জাতির জন্য বোঝা তৈরি করে।

তিনি বলেন, যুগোপযোগী কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা এবং প্রশিক্ষণই জাতির অর্থনৈতিক মুক্তির পথ। এ কারণে সরকার এ শিক্ষা বিস্তারে কাজ করছে। সরকারের আন্তরিক প্রচেষ্টায় ইতিমধ্যে কারিগরি শিক্ষায় শিক্ষার্থী ভর্তির হার ১৪ ভাগে উন্নীত হয়েছে।


ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.................................
তারিখ.................................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ. ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে